# অহংকার ও প্রতিকার

মূল

সিল্‌সিলায়ে চিশ্‌তিয়া কাদেরিয়া নক্‌শবন্দিয়া সোহারওয়ার্দিয়ার
বিশ্ববিখ্যাত বুযুর্গ
রূমীয়ে-যামানা কুত্‌বে-আলম আরেফ্‌বিল্লাহ্‌

**হযরত মাওলানা শাহ্‌ হাকীম মুহাম্মদ আখতার ছাহেব**
দামাত বারাকাতুহুম

তরজমা

**মাওলানা আব্দুল মতীন বিন হুসাইন**

খলীফায়ে আরেফ্‌বিল্লাহ হযরত মাওলানা শাহ্‌ হাকীম মুহাম্মদ আখতার ছাহেব (দাঃ বাঃ)
খতীব, বাইতুল হক জামে মসজিদ (সাবেক ছাপড়া মসজিদ)
৪৪/২ ঢালকানগর, গেণ্ডারিয়া, ঢাকা–১২০৪

**হাকীমুল উম্মত প্রকাশনী**
ইসলামী টাওয়ার, ১১ বাংলাবাজার, ঢাকা–১১০০
Mobile : 01914-735615

# সূচীপত্র


বিষয় পৃষ্ঠা

অহংকারী আল্লাহ্‌র মহব্বত হইতে বঞ্চিত ........ ১৪
নিজের নজরে উৎকৃষ্ট, তো আল্লাহ্‌র নজরে নিকৃষ্ট ........ ১৪
আসমান ও যমীনে অহংকার একমাত্র আল্লাহ্‌র হক ........ ১৫
অহংকার আল্লাহ্‌র চাদর ........ ১৬
অহমিকার পরিণামে পরাজয় বরণ
বিজয়ের আসবাব সংখ্যা নয়, আল্লাহ্‌র মদদ ........ ১৭
ভুল-বিচ্যুতির ক্ষেত্রে সাহাবায়ে কেরামের মহান বৈশিষ্ট্য ........ ১৭
অহংকারের সূক্ষ্ম আক্রমণ ........ ১৮
শায়খের শাসন ও তর্‌বিয়ত অহংকার হইতে মুক্তির শ্রেষ্ঠ হাতিয়ার ........ ১৮
আমিত্ব বিলীনের ফরিয়াদ ........ ১৯
আল্লামা সাইয়েদ সুলায়মান নদভীর প্রশ্ন ও হযরত
হাকীমুল- উম্মতের জওয়াব ........ ২০
আমিত্ব আল্লাহ্‌র মহত্ত্বের নীচে নিষ্পেষিত ........ ২১
হৃদয়ে যখন আল্লাহ্‌র মহত্ত্বের ঝাণ্ডা বুলন্দ হয়,
আমিত্ব ও বড়ত্ব নিশ্চিহ্ন হইয়া যায় ........ ২১
ওলীগণ নিজেকে জানোয়ার হইতে নিকৃষ্ট জানেন
হাকীমুল-উম্মতের অমূল্য দুইটি কথা ........ ২২
নিজেকে কাফের অপেক্ষা নিকৃষ্ট মনে করিবে কিরূপে ?........ ২৩
পাপের প্রতি ঘৃণা ওয়াজিব, পাপীর প্রতি ঘৃণা হারাম ........ ২৪
হযরত মুজাদ্দিদে-আল্‌ফে-ছানী (রঃ)-এর বাণী ........ ২৪
নিজেকে ছোট মনে করার ফলে হযরত
আবূ-যরের সুখ্যাতি আসমানে ........ ২৫
কোন্ জিনিস হযরত জুনাইদকে জুনাইদ বানাইয়াছে ........ ২৬
শায়েখ সা'দী (রঃ)-এর পীর শায়েখ শিহাবুদ্দীন সোহার্‌ওয়ার্দী (রঃ)-এর
উপদেশ ........ ২৬
ওলীকুল শিরমণি হযরত আবদুল কাদের জীলানী (রঃ)-এর অনুসরণীয় হালত ২৭
না জানি সেদিন পরীক্ষার কি ফল প্রকাশ হয় ........ ২৮
হযরত থানবীর কিয়ামতের ভয় ........ ২৮
ইমাম ফখরুদ্দীন রাযী (রঃ) বর্ণিত ঘটনা
মৃত্যুকালে শয়তানের ধোকা ও বুযুর্গের সাবধানতা ........ ২৯
মৃত্যুকালে আরেক বুযুর্গের প্রতি শয়তানের চক্রান্ত ও
আল্লাহ্‌পাকের মেহেরবানী ........ ২৯

বিষয় পৃষ্ঠা


অহংকারের ঘৃণ্য পরিণাম সম্পর্কে হাদীছ শরীফ ........................ ৩০
আল্লাহ্ যাহাকে নীচু করেন, কে তাহাকে উঁচু করিতে পারে ?.................. ৩১
যে নিজেকে বড় মনে করে, সে কুকুর ও শূকর হইতেও নিকৃষ্ট গণ্য হয়...... ৩৩
অহংকারীর সহিত বিনয় দেখাইবে না ........................ ৩৪
বাদশা তৈমুর-লং ও আল্লামা তাফ্‌তাযানী ........................ ৩৪
সকল বাদশার বাদশা যার অন্তরে আসীন, সে বাদশাদের খোশামোদ করে না ৩৪
অহংকারের চিকিৎসার জন্য দ্বীনী খান্‌কার সহিত সম্পর্ক জরুরী .............. ৩৫
আমিত্ব ইয্‌যত নয় বরং যিল্লতির পথ ........................ ৩৫
হযরত থানবীর অমূল্য বাণী ........................ ৩৬
নীচু হওয়ার মধ্যেই নিহিত অক্ষয় সম্মান ........................ ৩৬
চতুর্দশ শতাব্দীর মুজাদ্দিদের আখলাক ........................ ৩৭
মহা মানবদের বিনয়ের আর এক দৃষ্টান্ত ........................ ৩৮
চামারের নিকট ক্ষমা প্রার্থনার মহৎ গুণ ........................ ৩৮
মস্ত বড় ওলী হযরত শাহ্ আবদুল গনী ফুলপুরী (রঃ)-এর কষ্টের জীবন ...... ৩৯
জীবনের যেই মুহূর্তগুলি প্রকৃত জীবন ........................ ৪১
পরকালের ফিকিরওয়ালার সাত পুরুষ পর্যন্ত ইহকালেই বরকত
হযরত খিযিরের মাধ্যমে এতীমের সাহায্য ........................ ৪৩
অন্তরে অহংকারের একটা কণা থাকিলেও বেহেশতে যাইতে পারিবে না ..... ৪৫
অহংকার-বোমার বিনাশকারী তালাশ করুন ঃ তাহারা কাহারা ?.............. ৪৫
পাপীর পাপের দাগ তাহার চেহারায় ভাসে ........................ ৪৭
পাহাড়ের মত উঁচু ত হইতে পারিবে না........................ ৪৮
আহাম্মকই অহংকার করে ঃ হযরত ঈসা (আঃ)-এর এক আহাম্মকের
নিকট হইতে দ্রুত পলায়ন ........................ ৪৮
যেই বুযুর্গের সহিত মিল্-মুনাছাবাত হয়, তাঁহার নিকট চিকিৎসা গ্রহণ করুন ৪৯
কল্যাণকামীর প্রতি অহেতুক কুধারণার উত্তর ........................ ৫০
হযরত শাহ্ ওয়ালীউল্লাহ্ (রঃ)-এর প্রতিও বদ্-গুমানী করিবেন ?.............. ৫১
সুন্দর পোশাক, সুন্দর জুতাও কি অহংকার ? ........................ ৫২
অহংকারের স্বরূপ ঃ দুইটি বস্তু ........................ ৫৩
মোখলেছ বা খাঁটি বান্দার পরিচয় কি ? ........................ ৫৪
আল্লাহ্‌র ওলীদের চরিত্র ঃ সমস্ত মাখলূকের প্রতি হিত-কামনা ও সহানুভূতি .. ৫৫
নসীহতকারীদের প্রতি হযরত হাকীমুল-উম্মতের গুরুত্বপূর্ণ নসীহত .......... ৫৬
মক্কাবাসী-মদীনাবাসীদের সহিত আদব-এহ্‌তেরাম এবং মক্কা-মদীনায় আগত
মেহ্‌মানদের একরাম ........................ ৫৭

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|


পাপের প্রতি ঘৃণা ও পাপীর প্রতি সুধারণা কিভাবে সম্ভব ........................ ৫৮
পাপীর মিনতি শুনিয়া দয়ালু মাওলার দয়া ........................ ৫৯
সেদিনের মদ্যপায়ীর তওবার ঘটনা ........................ ৬০
চরিত্রে বিনয়ী ও সত্যের ক্ষেত্রে নির্ভীক হাকীমুল-উম্মত ........................ ৬১
গুনাহ্গারের জিন্দেগীতে কি আজব পরিবর্তন ........................ ৬১
এক বৃদ্ধের জন্য শিশুদের দোআ ও মৃত্যুকালে কালেমা নসীব ........................ ৬৩
এক সুন্দরী বধূর কান্নার ঘটনা শুনাইয়া শাহ্ আবদুল গনী ফুলপুরীর কান্না ..... ৬৪
কিয়ামতের মাঠের উপর নজর রাখ ........................ ৬৫
গোলামের দাম গোলাম নির্ধারণ করে, না মালিক ? ........................ ৬৬
বড় পীর হযরত জীলানীর বাণী ........................ ৬৬
করিতে থাক, আর ডরাইতে থাক ........................ ৬৭
কা'বা নির্মাণের পর হযরত ইব্রাহীম ও
হযরত ইসমাঈল (আঃ)-এর বিনয়-মাখা দোআ ........................ ৬৮
ডবল হাজীর ডবল হজ্ এক কথায় বরবাদ ........................ ৭০
হাকীমুল-উম্মত, মুজাদ্দিদুল-মিল্লাত হযরত মাওলানা শাহ আশরাফ
আলী থানবী (রঃ)-এর বাণী-সম্ভার ........................ ৭১
অহংকারের সংজ্ঞা ও চিকিৎসা ........................ ৭১
অংকারের একটি স্থায়ী প্রতিকার ........................ ৭২
অহংকারের খারাবি ও চিকিৎসা ........................ ৭৩
অহংকারের এলমী ও আমলী চিকিৎসা ........................ ৭৪
বিনয়ের সূরতে অহংকার ........................ ৭৫
শোকর ও অহংকারের পার্থক্য ........................ ৭৫
(ওজব) আত্ম-প্রসাদ বা আত্মতুষ্টির প্রতিকার ও নেআমতের জন্য প্রাণানন্দ ... ৭৬
গুরুত্বপূর্ণ সংযোজন
পাঁচ জন শ্রেষ্ঠ ওলীর ছয়টি ঘটনা ........................ ৭৭
হযরত আবূ আবদুল্লাহ উন্দুলুসী (রঃ) এর ঘটনা ........................ ৭৭
মহান বুযুর্গ হযরত জুনাইদ বাগদাদী (রঃ) এর ঘটনা ........................ ৮২
সাইয়েদ আহ্মদ কবীর রেফাঈ (রঃ)-এর ঘটনা ........................ ৮৩
হযরত রেফাঈ (রঃ) এর আর একটি ঘটনা ........................ ৮৪
হযরত বায়যীদ বোস্তামী (রঃ)-এর ঘটনা ........................ ৮৫
ফায়দা ........................ ৮৬
বড় পীর হযরত আবদুল কাদের জীলানী (রঃ)-এর ঘটনা ........................ ৮৭
উপদেশ ........................ ৮৮

# আমিত্ব বিলীনের ফরিয়াদ

হযরত খাজা আযীযুল হাসান মজ্‌যূব (রঃ) হাকীমুল-উম্মত, মুজাদ্দিদুল- মিল্লাত হযরত থানবী (রঃ) এর দরবারে হাযির হওয়ার পর এক টুকরা কাগযে তাঁহার আগমনের উদ্দেশ্য কি, তাহা একটি ছন্দের আকারে লিখিয়া হযরতের কাছে পাঠাইয়া দিলেন ঃ

نہیں کچھ اور خواہش آپ کے در پہ میں لایا ہوں
مٹا دیجے مٹا دیجے میں مٹنے ہی کو آیا ہوں

## অহমিকার পরিণামে পরাজয় বরণ
## বিজয়ের আসবাব সংখ্যা নয়, আল্লাহ্র মদদ

পবিত্র কুরআনের অন্য এক আয়াতে যাহা হযরত থানবী (রঃ) তাঁহার খুৎবাতুল-আহ্কামের 'উজব ও কিবির' অধ্যায়ে উল্লেখ করিয়াছেন, আল্লাহ্পাক রাব্বুল-আলামীন বলেন ঃ

إِذْ أَعْجَبَتْكُمْ كَثْرَتُكُمْ فَلَمْ تُغْنِ عَنْكُمْ شَيْئًا

"স্মরণ কর ঐ সময়কে যখন তোমরা (হুনাইনের যুদ্ধ কালে) তোমাদের সংখ্যাগরিষ্ঠতার জন্য আত্মগরিমায় আক্রান্ত হইয়াছিলে, কিন্তু ঐ সংখ্যাগরিষ্ঠতা তোমাদের কোনও কাজে আসে নাই।"

হুনাইন তায়েফ ও মক্কার মধ্যবর্তী একটি উপত্যকার নাম। আল্লামা কাযী ছানাউল্লাহ পানিপথী (রঃ) তাঁহার তাফ্সীরে-মাযহারীতে লিখিতেছেন যে, হুনাইনের যুদ্ধে কাফেরদের সংখ্যা ছিল চার হাজার আর মুসলমানের সংখ্যা ছিল বার হাজার। ফলে, সংখ্যাগরিষ্ঠতার দিকে নজর করিয়া মুসলমানদের মধ্যে কিছু লোকের অন্তরে এরূপ খেয়াল জাগিয়াছিল যে, আজকের খেলা তো আমাদের হাতে। আমাদের বিজয় আজ সুনিশ্চিত। বরং ইহাদের মুখ হইতে এমন একটা কথাও বাহির হইয়া গেল যে, আজ ত আমাদের পরাজিত হওয়ার কোন প্রশ্নই উঠে না। মোটকথা, তাহাদের নজর খানিকটা বাহ্যিক আসবাব-উপকরণের দিকে আকৃষ্ট হইয়া গিয়াছিল, সংখ্যাধিক্যের জন্য কিছুটা আত্মগরিমার ভাব উৎপন্ন হইয়াছিল এবং চোখের পাতায় নিশ্চিত বিজয়ের স্বপ্ন দুলিতেছিল। কিন্তু, উহার পরিণামে তাঁহাদের ভাগ্যে পরাজয় নামিয়া আসিল। পরন্তু, আল্লাহ্পাক তাঁহাদিগকে বলিয়া দিলেন যে, তোমাদের এই পরাজয়ের কারণ ইহাই যে, সংখ্যার বিপুলতা দেখিয়া তোমরা উল্লসিত হইয়াছিলে, আমার সাহায্য ও মদদ হইতে তোমাদের নজর হটিয়া গিয়াছিল।

## ভুল-বিচ্যুতির ক্ষেত্রে সাহাবায়ে কেরামের মহান বৈশিষ্ট্য

অবশ্য, (আল্লাহর প্রিয় বান্দাদের স্বভাবের বৈশিষ্ট্য মোতাবেক অল্পক্ষণের মধ্যেই এই বিচ্যুতি তাঁহাদের অন্তঃকরণে ধরা পড়িয়া গেল এবং) তৎক্ষণাৎ তাঁহারা তওবা ও এস্তেগ্ফার করিলেন। ফলে, পুনরায় তাঁহাদের প্রতি আল্লাহ্পাকের দয়া ও